# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : মাধ্য/পনি/বৃত্তি-২০২৫/৫১ তারিখ : ২২-১২-২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় কেন্দ্র হতে উত্তরপত্র প্রেরণ, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৫-১০-২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৯১.৯৯.০১৮.২৫-৬৩৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ডিসেম্বর ২০২৫ হতে জুনিয়র বৃত্তি পরীক্ষা শুরু হবে। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা-২০২৫ (সংশোধিত) এর ২৬.০ ধারা মোতাবেক প্রতিদিনের পরীক্ষা শেষে প্রতি ১০০ (একশত) টি উত্তরপত্রের দুইটি প্যাকেট একত্র করে তার উপর পুরণকৃত টপশীট এঁটে একটি প্যাকেট করতে হবে। অতঃপর উত্তরপত্রের প্যাকেট মার্কিন কাপড় দিয়ে মুড়িয়ে এর উপর স্পষ্ট অক্ষরে ও নির্ভুলভাবে ঠিকানা লিখে এবং সীলগালা করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পুলিশ প্রহরায় প্রেরণ করতে হবে। টপশীট ০৪ (চার) কপি করতে হবে। যার এককপি প্যাকেটে, এককপি কেন্দ্র সচিব, এককপি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং এককপি স্ব-স্ব বোর্ডে প্রেরণ করতে হবে। সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, কেন্দ্র সচিবগণ কর্তৃক প্রেরিত উত্তরপত্র জেলা কমিটি সংরক্ষণ এবং প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের মধ্যে বিতরণ কার্য সম্পন্ন করবেন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২২-১২-২০২৫

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব
জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫
এ বোর্ডের অধীন সকল
জুনিয়র বৃত্তি পরীক্ষা কেন্দ্র

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা ও নড়াইল।
২। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা ও নড়াইল।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বোর্ডের অধীন সকল উপজেলা/থানা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য।
৬। সংরক্ষণ নথি।